



From : Dr. Bappaditya Mandal
Principal

SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,
West Bengal, India - 722 207

NAAC : B(2.37) 2016 - 1st Cycle

www.sonamukhicollegebankura.com
sonamukhicol@gmail.com
(91)03244-275251

AISHE :: C-44762

Ref. No.: 202107310815/SC/1/Notice_OLA

Dated : 31/07/2021

সোনামুখী কলেজের পক্ষ থেকে সমস্ত দ্বাদশ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অভিনন্দন।

অনলাইন এডমিশন ২০২১-২২ নোটিশ (পূর্বে প্রকাশিত ভর্তি-বিজ্ঞপ্তির পরিমার্জিত সংস্করণ)

এতদ্বারা জানানো যাচ্ছে যে, সোনামুখী কলেজে ২০২১-২২ শিক্ষাবর্ষে প্রথম সেমিস্টার-এ (অনার্স ও প্রোগ্রাম কোর্স) ভর্তির জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া আগামী ০২/০৮/২০২১ থেকে শুরু হবে। আবেদন করা যাবে আগামী ২০/০৮/২০২১ পর্যন্ত। ২০২১, ২০২০ এবং ২০১৯ সালে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে। আবেদন করার জন্য রেজিস্ট্রেশন ফি দিতে হবে না।

এলিজিবিলিটি : উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় বেস্ট ফাইভ সাবজেক্টস-এর total-এ 45% মার্কস নিয়ে উত্তীর্ণ হলে অনার্স কোর্সে আবেদন করা যাবে। Hons-কোর্সে আবেদনের ক্ষেত্রে Base subject এর নম্বরও গুরুত্বপূর্ণ। সমস্ত উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা Programme-কোর্সে আবেদন করতে পারবে। উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় Mathematics-এ 85% থাকলে তবেই Economics Hons. এবং Computer Science Hons. কোর্সে আবেদন করা যাবে। Vocational কোর্স থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় সমস্ত উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আর্টস প্রোগ্রাম কোর্সে আবেদন করতে পারবে। Vocational Engineering and Technology কোর্সে Mathematics সাবজেক্ট-এ পাশ মার্কস সহ উত্তীর্ণ হলে Pure-Science Programme কোর্সে আবেদন করা যাবে। Vocational Agriculture কোর্সে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা Bio-Science Programme কোর্সে আবেদন করতে পারবে। Vocational Business and Commerce কোর্সে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাও B.Com. Hons. এবং B.Com. Programme কোর্সে আবেদন করতে পারবে।

আবেদন পদ্ধতি : আবেদনকারীর নিজস্ব permanent Mobile No এবং Email ID থাকা একান্ত আবশ্যিক। একজন আবেদনকারী একটি এপ্লিকেশন ফর্মে সর্বাধিক তিনটি অনার্স কোর্স এবং দুটি প্রোগ্রাম কোর্সে আবেদন করতে পারবে। অনলাইন আবেদনে কোনো ভুল তথ্য উল্লেখ করলে আবেদনটি বাতিল করা হবে, এমনকি Coure পাঠরত অবস্থাতেও। কলা বিভাগে BAP বা Arts Prog. কোর্সের পরিবর্তে বিষয়-ভিত্তিক প্রোগ্রাম কোর্সে (যেমন BAP in Bengali, BAP in Geography, BAP Education ইত্যাদি : BAP অর্থাৎ BA programme) আবেদন করার সুযোগ পাবে ও ভর্তি হতে পারবে।

মেরিট লিস্টে কোনো একটি বিষয়ে সুযোগ পেলে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীকে নিজের Account-এ log in করে সুযোগটি Accept করতে হবে। SMS পাঠানো হলেও প্রতিটি আবেদনকারীর দায়িত্ব - নিজ user id ও password ব্যবহার করে প্রতিদিন merit status check করা। সুযোগ হারালে কোন বিকল্প নেই। Log-in করার পর Course Accept করার সুযোগ থাকলে Accept করতে হবে আবেদনকারীকে। Accept করার পর-(1) Hons. কোর্সে আবেদনকারীদের একটি GE (Generic Elective) Subject নির্বাচন করতে হবে, (2) Arts ও Commerce Programme কোর্সে আবেদনকারীদের তিনটি গ্রুপ থেকে একটি Prog subject, একটি DSC (Discipline) subject ও একটি MIL subject নির্বাচন করতে হবে এবং (3) Science Programme কোর্সে আবেদনকারীদের শুধুমাত্র একটি - Prog সাবজেক্ট নির্বাচন করতে হবে। বাকি বিষয়গুলি software-এর মাধ্যমে Auto-select হবে। এরপর নির্ধারিত সময়ের মধ্যে Admission fee পেমেণ্ট করলে তবেই ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে। Online Application form ইত্যাদি ও সমস্ত online payments slips এর Print out সর্বদা নিজের কাছে রাখা আবশ্যিক। যেকোন ক্ষেত্রে জমা দেওয়ার প্রয়োজন হলে Xerox copy দিতে পরামর্শ দেওয়া হল।

এই কলেজের Admission প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর Application Id অনুযায়ী বিষয়গুলি বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। একবার কোনো সুযোগ Accept না করলে ওই বিষয়ের পরবর্তী মেরিট লিস্টে আবেদনকারী আর বিবেচিত হবে না। একবার একটি বিষয়ে ভর্তি হওয়ার পর পরবর্তী মেরিট লিস্টে অন্য কোনো বিষয়ে সুযোগ পেলে ছাত্রছাত্রীরা সর্বোচ্চ দুইবার Choice Transfer-এর সুযোগ পাবে।

কলেজ সম্পর্কে এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরও বিশদে জানতে সোনামুখী কলেজের ওয়েবসাইটে Prospectus ২০২১-২২ এবং এডমিশন সম্পর্কিত পূর্ববর্তী নোটিশ দেখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। এডমিশন ওয়েবসাইটের Link কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে।

College Website: www.sonamukhicollege.ac.in

Help Desk: smkadm21@gmail.com

Bmd
31/7/2021

Principal
Sonamukhi College
Sonamukhi, Bankura